

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 18-10-2026

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Durga Puja :

রাজ্যের অন্যতম প্রধান উৎসব শারদীয়া দুর্গোৎসবের আনন্দে মেতে উঠছেন রাজ্যবাসী। গতকাল থেকে মহাসপ্তমী তিথির যোগ শুরু হওয়ায় পঞ্জিকা মতে আজও মহাসপ্তমী তিথি। তবে ভোর ৫ টা ৫৩ মিনিট গতে মহাষ্টমী তিথি শুরু হয়েছে। তা চলবে আগামীকাল ভোর পর্যন্ত। কোনও কোনও পূজা মণ্ডপে আজ মহাষ্টমী পূজারও আয়োজন করা হয়েছে।

সকাল থেকে মণ্ডপে মণ্ডপে কাঁসর ঘন্টা ঢাকের আওয়াজ শোনা যাচ্ছে। এক আনন্দঘন পরিবেশ বিরাজ করছে।

BYTE

গতকাল মহাসপ্তমী তিথিতে রাজধানী আগরতলা সহ রাজ্যের বিভিন্ন পূজা মন্ডপে দর্শনার্থীদের ভীড় লক্ষ্য করা গেছে। তবে, মূল আকর্ষণ ছিল রাজধানী আগরতলার বড় বাজেটের পূজামন্ডপ গুলো। আগরতলার বিভিন্ন পূজা মন্ডপে প্রায় সারারাত ধরে দর্শনার্থীরা লাইন ধরে প্রতিমা দর্শন করেন। রাজপথ গুলো ছিল লোকেলোকারণ্য।

Durga Puja-No Entry :

দুর্গাপূজা উপলক্ষে আগরতলায় বিভিন্ন পূজামন্ডপগুলিতে ভীড় নিয়ন্ত্রণ এবং যানবাহন চলাচল নিবিষ্ট রাখা, জরুরি প্রয়োজনে বিকল্প রাস্তার জন্য গতকাল থেকে ২১শে অক্টোবর পর্যন্ত যানবাহন চলাচলে পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পশ্চিম জেলার জেলাশাসক এক বিজ্ঞপ্তিতে গতকাল থেকে আগামী ২১ অক্টোবর পর্যন্ত প্রতিদিন বিকাল ৫টা থেকে রাত ১টা পর্যন্ত আগরতলা শহরের বিভিন্ন জায়গায় নো-এন্ট্রি জোন ঘোষণা করেছেন। এই বিধিনিষেধ কার্যকর করার জন্য গুরুত্বপূর্ণ স্থানগুলিতে নো-এন্ট্রি গেট বসানো হয়েছে। জনসমাগমের পরিস্থিতি বিবেচনা করে বড় পূজা মণ্ডপগুলির আশেপাশে যানবাহনের প্রবেশে নিষেধাজ্ঞার সময় মধ্যরাতের পরেও বাড়ানো হতে পারে। জরুরি প্রয়োজনে ট্রাফিক কন্ট্রোল রুমের হোয়াটসঅ্যাপ ও টেলিফোন নম্বর 9402-303-100-তে যোগাযোগ করা যেতে পারে।

Hospital Holiday :

গতকাল থেকে আগামী ২৬ অক্টোবর পর্যন্ত সরকারি ছুটি। পরপর দশদিন সরকারি ছুটি থাকলেও আগামীকাল ১৯ অক্টোবর, ২২ অক্টোবর এবং ২৪ অক্টোবর রাজ্যে স্বাস্থ্য দপ্তরের অধীন সমস্ত সরকারী হাসপাতালের বহির্বিভাগ খোলা থাকবে। স্বাস্থ্য অধিকর্তা ডাঃ দেবান্দ্রী দেববর্মা এখবর জানিয়েছেন।

Stamped at Kol. Puja pendal :

উত্তর কলকাতার চোরবাগান সর্বজনীন পূজোমন্ডপে গতকাল সপ্তমীর রাতে এক মর্মান্তিক ঘটনায় ভিড়ের চাপে পদপিষ্ট হয়ে এক শিশু সহ উনিশ জনের মৃত্যু হয়েছে, আহত আরো ২৪। একজনের অবস্থা আশঙ্কাজনক। আহতরা কলকাতা মেডিকেল কলেজ হাসপাতাল, আরজিকর এবং এন.আর.এস.-এ চিকিৎসাধীন। সপ্তমীর সন্ধ্যায় এমনিতেই ওই পূজো মন্ডপে প্রচণ্ড ভীড় ছিল। তার ওপর বৃষ্টি শুরু হওয়ায় হড়োহড়ি পড়ে যায় দর্শনার্থীদের মধ্যে। ভিড়ের চাপেই বিপুল সংখ্যক মানুষ পদপিষ্ট হন। এই ঘটনায় চোরবাগান পূজোর উদ্যোক্তা, স্বেচ্ছাসেবক সহ ১২ জনকে আটক করেছে পুলিশ। রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং রাজ্য বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্য গতরাতেই আহতদের সঙ্গে সাক্ষাৎ করতে মেডিক্যাল কলেজে যান। পূজোটি ইতোমধ্যেই বন্ধ করে দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মৃতদের পরিবার কে ২৫ লক্ষ টাকা ও একটি করে সরকারি চাকরি দেওয়ার কথা ঘোষণা করেছেন। মর্মান্তিক এই ঘটনায় রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং অন্যান্য শীর্ষ নেতারা গভীর শোক প্রকাশ করেছেন। সমাজ মাধ্যমে এক পোস্টে রাষ্ট্রপতি শোকাহত পরিবারগুলোর প্রতি আন্তরিক সমবেদনা জানিয়েছেন। উপরাষ্ট্রপতিও মৃতদের পরিবারের প্রতি সমবেদনা জানান।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ঘটনাকে অত্যন্ত বেদনাদায়ক বলে অভিহিত করেছেন। তিনি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। ঘটনায় নিহত প্রত্যেকের নিকটাত্মীয়কে প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল থেকে দুই লক্ষ টাকা এবং আহতদের প্রত্যেককে পঞ্চাশ হাজার টাকা করে অনুদান দেওয়া হবে বলে ঘোষণা করেছেন তিনি।

পশ্চিমবঙ্গ সফররত কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই মর্মান্তিক ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। সমাজ মাধ্যমে এক বার্তায়, শোকাহত পরিবারগুলোর প্রতি সমবেদনা জানিয়ে এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করে তিনি জানান, প্রশাসন আহতদের সম্ভাব্য সব ধরনের চিকিৎসা সহায়তা দিচ্ছে।

N F Railway-Tripura :

আগরতলা-আখাউড়া আন্তঃসীমান্ত রেলপথ প্রকল্পের অসমাপ্ত কাজ দ্রুত শেষ করার উদ্যোগ নিয়েছে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে। এন এফ রেলওয়ের নির্মাণ বিভাগের জেনারেল ম্যানেজার আশীষ বনসাল সম্প্রতি আগরতলায় নিশ্চিন্তপুর রেলওয়ে স্টেশন পরিদর্শন করেন। ওই সময় তিনি প্রকল্পের অসমাপ্ত কাজগুলি দ্রুত শেষ করতে দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের নির্দেশ দেন। আগরতলা-আখাউড়ার মধ্যে যত দ্রুত সম্ভব যাত্রীবাহী ট্রেন চালুর উপর তিনি গুরুত্ব আরোপ করেন। শ্রী বনসাল বলেন, আগরতলা-আখাউড়া প্রকল্পটি ভারত ও বাংলাদেশের মধ্যে একটি গুরুত্বপূর্ণ আন্তঃসীমান্ত রেলওয়ে সংযোগ, যা আঞ্চলিক সংযোগ ব্যবস্থাকে শক্তিশালী করবে এবং ভারত সরকারের অ্যাক্ট ইন্সট পলিসি-কে সহায়তা করবে। তিনি বদরপুর থেকে আগরতলা, আগরতলা থেকে নিশ্চিন্তপুর এবং আগরতলা থেকে সাক্রম পর্যন্ত রেলপথে উইন্ডো ট্রেইলিং পরিদর্শন সম্পন্ন করেন। তাছাড়া, তিনি কুমারঘাট-আগরতলা সেকশনে ওভারব্রিজ, লেভেল ক্রসিং অপসারণ, রোড সুরক্ষা বৃদ্ধির বিষয়গুলি পর্যালোচনা করেন। এই সমস্ত কাজের ক্ষেত্রে রাজ্য সরকারের সঙ্গে সমন্বয় রাখার উপরও তিনি গুরুত্ব আরোপ করেন।

CM-Kailashahar :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, যুবসমাজের মধ্যে নেশার প্রবণতা রোধে খেলাধুলার গুরুত্ব অপরিসীম। গতকাল কৈলাশহরে জেলা স্পোর্টস কমপ্লেক্সে রঞ্জলাল দাস স্মৃতি ইনডোর স্পোর্টস হল এবং স্বামী বিবেকানন্দের মূর্তির আবরণ উন্মোচন করে তিনি একথা বলেন। তিনি বলেন, যুবসমাজকে খেলাধুলার সঙ্গে যুক্ত করা গেলে তাদের মধ্যে শৃঙ্খলা, আত্মনিয়ন্ত্রণ, নৈতিকতা ও দলগতভাবে কাজ করার মানসিকতা গড়ে উঠবে। কৈলাসহরের কৃতী ফুটবলার রঞ্জলাল দাসের নামে ইনডোর স্পোর্টস হলের নামকরণ করা হয়েছে। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, জেলাশাসক মেঘা জৈন, পুলিশ সুপার ঋষভ, ক্রীড়া দপ্তরের অধিকর্তা এল. ডার্লিং প্রমুখ। অনুষ্ঠানে বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত: মেঘলা থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৮ ডিগ্রি সেলসিয়াস।
